



বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)
প্রশাসন বিভাগ

১৩৭-১৩৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

Website: www.bscic.gov.bd, E-mail: info@bscic.gov.bd

স্মারক নং-প্রশাসন/ব্যঃনঃ-৫৫৭৪/

২০২০

তারিখঃ

২৭ অগ্রহায়ণ ১৪২৬
২২ ডিসেম্বর ২০১৯

অফিস আদেশ


যেহেতু, জনাব ইয়াকুব আলী সরদার, সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা, শিসকে, বিসিক, গোপালগঞ্জ-এর বিরুদ্ধে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ এবং অর্থ আত্মসাতের অভিযোগে স্মারক নং-৩৬.০৯৪.০২৭.০০.০০.০৪৩.২০১৭/২২৩২(২); তারিখঃ ২৫-০৯-২০১৯ এর মাধ্যমে অভিযোগনামা ও অভিযোগের বিবরণী জারী করা হয়; এবং

যেহেতু, জনাব ইয়াকুব আলী সরদার, সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা ২৫-০৯-২০১৯ তারিখে অভিযোগনামার জবাব প্রদান করেন। জবাবে তিনি ব্যক্তিগত শুনানীর ইচ্ছা প্রকাশ করায় ২৬-০৯-২০১৯ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়েছে; এবং

যেহেতু, জনাব ইয়াকুব আলী সরদার, সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তার বিভাগীয় মামলার বিষয়টি ৭৬০তম বোর্ড সভায় উপস্থাপন করা হয়। সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক তহরুপকৃত ১,৯২,২৮৯/- (এক লক্ষ বিরানব্বই হাজার দুইশত উননব্বই) টাকা তিনি তদন্তকালীন ০২ (দুই)টি মানি রিসিটের মাধ্যমে ১১-০৬-২০১৯ ও ১২-০৬-২০১৯ তারিখ এবং বিভাগীয় মামলা দায়েরের পর ০২ (দুই)টি মানি রিসিটের মাধ্যমে ১৫-০৭-২০১৯ ও ০২-১০-২০১৯ তারিখে বিসিকের স্থানীয় কার্যালয়ের ব্যাংক হিসাবে জমা দেয়ায় লঘুদণ্ড হিসেবে তার ০১ (এক) বছরের জন্য বেতন বর্ধন স্থগিত রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয় (সিদ্ধান্ত সংখ্যা-২০৬/৭৬০/২০১৯)।

এক্ষেণে, সেহেতু, উপরোক্ত সিদ্ধান্ত মোতাবেক জনাব ইয়াকুব আলী সরদার, সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা, শিসকে, বিসিক, গোপালগঞ্জ-কে বিসিক কর্মচারী চাকরি প্রবিধানমালা ১৯৮৯ এর সপ্তম অধ্যায়ের ৩৯ (১)(ক) এর (আ) উপ-প্রবিধান মোতাবেক লঘুদণ্ডস্বরূপ ০১ (এক) বছরের জন্য বেতন বর্ধন স্থগিত রাখা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


১২/১২/২০১৯

(মোঃ মোশ্তাক হাসান, এনডিসি)

(অতিরিক্ত সচিব)

চেয়ারম্যান, বিসিক, ঢাকা।

ফোন- ৯৫৬৫৬১২।

অনুলিপিঃ (কার্যার্থে)

০১. নিয়ন্ত্রক (হিসাব ও অর্থ), বিসিক, ঢাকা।
০২. আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক কার্যালয়, বিসিক, ঢাকা।
০৩. উপ-সচিব, বোর্ড শাখা, বিসিক, ঢাকা।
০৪. উপ-মহাব্যবস্থাপক (কঃব্যঃ), প্রশাসন বিভাগ, বিসিক, ঢাকা।
০৫. জনাব ইয়াকুব আলী সরদার, সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা, শিসকে, বিসিক, গোপালগঞ্জ।
০৬. সহকারী মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), শিসকে, বিসিক, গোপালগঞ্জ।
০৭. আইসিটি সেল, বিসিক, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের জন্য)।
০৮. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিসিক, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৯. সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথি।